



জলের কাছে প্রার্থনা

- রণদীপম বসু

করতলে ভেসে ওঠা চৈতের মাঠ ভেঙে
যেখানে যাবেই, যাও,
ফসলের গন্ধবিহীন গিলে খাওয়া সময়ের
বুল ধরে
যতোই বুলো না কেন
কোন চিহ্নই থাকবে না পিছে ;
কী ভাবে রাখবে এই উন্মুল পায়ের ছাপ ?

না পেলে জলের ছাণ
মাটির পাজরে আর বাজে কি সবুজ স্বর ?
প্লাবনের নিত্যশোক-
কতোটাই উজার হবে ?
হাত দাও ওইখানে, যেখানে সবুজ ছিলো ;
ধু ধু মৃত্যুর চেয়ে শস্যের কান্না-
তবু তো প্রাণের স্পন্দনই ছিলো !

জলের কাছেই আজ প্রার্থনা হোক ।

(১০/০৪/২০০৮)